যুগান্তর

২২/৭/২০০৩

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ... ...

# এইচএসসিতে প্রথম গৌরবের কলেজে জমেছে সমস্যার পাহাড় : শিক্ষা কার্যক্রম ব্যাহত

উত্তম কুমার দাস/সমীর দে, *রাজশাহী থেকে*

রাজশাহীর নিউ গভর্নমেন্ট ডিগ্রি কলেজের ছাত্র গৌরব কুণ্ডু চলতি বছরের এইচএসসি পরীক্ষায় দেশের সাতটি শিক্ষা বোর্ডের মধ্যে প্রথম হলেও শিক্ষক ও ক্লাসরুম স্বল্পতাসহ বিভিন্ন কারণে ওই প্রতিষ্ঠানের স্বাভাবিক শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে। চলতি বছর রাজশাহী শিক্ষা বোর্ডের এইচএসসির ফল যেখানে পাসের হার শতকরা মাত্র ২৪ দশমিক ৭৬ ভাগ সেখানে নিউ ডিগ্রি কলেজে পাসের হার গড়ে শতকরা ৭১ ভাগ।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, নিউ ডিগ্রি কলেজের ছাত্র গৌরব কুণ্ডু ৯৭৮ নম্বর পেয়ে বিজ্ঞান শাখার সম্মিলিত মেধা তালিকায় রাজশাহী বোর্ডে শীর্ষ স্থান দখল করাসহ দেশে প্রথম হয়েছে। এই কলেজের ছাত্ররা বিজ্ঞান, কৃষি বিজ্ঞান ও গার্হস্থ্য অর্থনীতি শাখার সম্মিলিত মেধা তালিকায় প্রথম ছাড়াও পঞ্চম, ১০তম এবং ১৬তম স্থান দখল করেছে। মানবিক শাখায় ১০ম এবং বাণিজ্যে ১২তম স্থান দখল করেছে এই কলেজের ছাত্রছাত্রীরা। গত বছর এইচএসসির ফলাফলে নিউ গভ. ডিগ্রি কলেজের ছাত্রছাত্রীরা বিজ্ঞান শাখায় পঞ্চম, ১১তম, ১৭তম ও ২০তম এবং মানবিকে দ্বিতীয় স্থান লাভ করেছিল। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, নিউ গভ. ডিগ্রি কলেজের বর্তমান সমস্যার মধ্যে উল্লেখযোগ্য হল ধারণক্ষমতার অতি[...] ছাত্রছাত্রী, ভবন ও শিক্ষা উপকরণ এবং শিক্ষক ও কর্মচারী স্বল্প[...] এছাড়া রয়েছে ছাত্রছাত্রীর আবাসিক সমস্যা। জানা গেছে, রাজ[...] কলেজসহ উত্তরাঞ্চলের কয়েকটি ভাল কলেজে উচ্চ মাধ্যমিক [...] বন্ধ হয়ে যাওয়ায় নিউ গভ. ডিগ্রি কলেজে ভর্তি ইচ্ছুক ছাত্রছাত্রীর [...] বেড়েছে।



*রাজশাহী : নিউ গভ. ডিগ্রি কলেজ ভবন (ইনসেটে অধ্যক্ষ)* —*যুগান্তর*

কলেজের বর্তমান শি[...] সংখ্যা ৬৬ জন। ১৫ [...] শিক্ষকের পদ শূন্য। [...] গভ. ডিগ্রি কে[...] পরিসংখ্যান [...] কম্পিউটার সায়েন্স বি[...] শিক্ষকের কোন পদ এ[...] সৃষ্টিই হয়নি। অথচ [...] মাধ্যমিকে ভাল ফলের [...] এ দুটি বিষয় অ[...] সহায়ক।

শিক্ষা প্রতিষ্ঠানটি ব্য[...] এলাকায় হওয়ায় বহি[...] সন্ত্রাসীরা প্রায়ই ঝা[...] করে। এছাড়া সরকা[...] বিভিন্ন নিয়োগ পরী[...] কেন্দ্র হিসাবে নিউ ডিগ্রি কলেজ ব্যবহৃত হওয়ায় স্বাভাবিক শিক্ষা কার্যক্রম ব্যাহত [...] নিউ গভ. ডিগ্রি কলেজের অধ্যক্ষ অধ্যাপক মোঃ নজরুল ই[...] বলেন— অবিলম্বে প্রশাসনিক ভবন, বিজ্ঞান ভবন ও ছাত্রীদের হো[...] নির্মাণ এবং প্রয়োজনীয় বৈজ্ঞানিক যন্ত্রপাতি, উপকরণ ও শি[...] নতুন পদ সৃষ্টি করা দরকার।